

মেয়েদের মাধ্যমিক স্কুল শিক্ষা প্রকল্পে বিশ্বব্যাংক বাংলাদেশকে ৬৯৫ কোটি টাকা ঋণ দেবে

মেয়েদের মাধ্যমিক স্কুল শিক্ষা প্রকল্পে বিশ্বব্যাংক বাংলাদেশকে ১২ কোটি ৯ লাখ ডলার বা ৬৯৫ কোটি টাকা ঋণ সহায়তা প্রদান করবে। গতকাল 'বৃহস্পতিবার বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে 'এ সংক্রান্ত ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিস্টেন্স প্রজেক্ট-২' কার্যক্রমের জন্য একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব আনিসুল হক চৌধুরী এবং বিশ্বব্যাংকের আবাসিক মিশন প্রধান ফ্রেডারিক টি টেম্পল চুক্তিতে স্বাক্ষর করেন। বিশ্বব্যাংকের অর্থায়নে ১৯৯৪ থেকে (১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ প্রঃ)

মেয়েদের মাধ্যমিক স্কুল

(শেষ পৃষ্ঠার পর)

২০০২ মেয়াদে বাস্তবায়িত ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিস্টেন্স প্রজেক্ট অব্যাহত রাখার জন্য ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিস্টেন্স প্রজেক্ট-এর দ্বিতীয় পর্যায় গ্রহণ করা হয়েছে। প্রথম প্রকল্প বাস্তবায়নের জন্য আনুমানিক ৬ কোটি ৮০ লাখ ডলার সহায়তা পাওয়া যায়। ছয় বছর মেয়াদি (জুলাই ২০০১ থেকে জুন ২০০৭) প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় আনুমানিক ৮২৯ কোটি ৪৯ লাখ টাকা। প্রকল্প মেয়াদে ১১৯টি উপজেলায় শিক্ষক প্রশিক্ষণ, স্কুল ও ছাত্রীদের জন্য প্রণোদনা পুরস্কার, স্কুলসমূহে পর্যবেক্ষণ ও পানি সরবরাহ ছাড়াও এ প্রকল্পের অধীনে ৬৬ লাখ ৮১ হাজার ছাত্রীকে উপবৃত্তি ও বেতন মওকুফ সুবিধা প্রদান করার প্রস্তাব করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর প্রকল্পটি বাস্তবায়ন করবে। -প্রেস বিজ্ঞপ্তি